



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

০১ সেপ্টেম্বর ২০২৪

তারিখ: -----

১৭ ভাদ্র ১৪৩১

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের ঋণ পরিশোধ/সমন্বয় সহজীকরণ প্রসঙ্গে

দেশের কয়েকটি জেলার বিস্তীর্ণ অঞ্চল সম্প্রতি বন্যার কারণে প্লাবিত হয়েছে। বন্যা উপদ্রুত অঞ্চলের ঋণগ্রহীতা বিশেষত স্বল্প মেয়াদী কৃষি এবং সিএমএসএমই খাতের উদ্যোক্তাগণ ক্ষতিগ্রস্ত হওয়ায় তাদের পক্ষে নির্ধারিত সময়ে ঋণ/ঋণের কিস্তি পরিশোধ/সমন্বয় করা দুরূহ হয়ে পড়বে। নির্ধারিত সময়ে প্রদেয় অর্থ পরিশোধ করতে সক্ষম না হলে উদ্দিষ্ট অঞ্চলের ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাগণের ঋণ হিসাবসমূহ বিরূপভাবে শ্রেণিকৃত হওয়ার আশংকা সৃষ্টি হয়েছে। ফলে, নতুন ঋণ প্রবাহ বাধাগ্রস্ত হওয়াসহ সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডে এর নেতিবাচক প্রভাব পড়তে পারে।

০২। বর্ণিত প্রেক্ষাপটে, ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতার স্বাভাবিক অর্থনৈতিক কর্মকাণ্ড অব্যাহত রেখে তাদের পুনর্বাসনে সহায়তা প্রদানের লক্ষ্যে ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা ও চট্টগ্রামসহ দুর্ভোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক চিহ্নিত অন্যান্য বন্যা কবলিত অঞ্চলের ০১ আগস্ট ২০২৪ তারিখে বিদ্যমান অশ্রেণিকৃত স্বল্প মেয়াদী কৃষি এবং সিএমএসএমই ঋণ পরিশোধ/সমন্বয় সহজীকরণের লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা অনুসরণীয় হবে:

- স্বল্প মেয়াদী কৃষি এবং সিএমএসএমই খাতের মেয়াদী ঋণগ্রহীতাগণের আগস্ট ২০২৪ হতে অক্টোবর ২০২৪ মাসের মধ্যে প্রদেয় ঋণের কিস্তিসমূহ সংশ্লিষ্ট ঋণের মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে পরিশোধ করতে হবে;
- সিএমএসএমই খাতের যে সকল চলমান ঋণ আগস্ট ২০২৪ হতে অক্টোবর ২০২৪ মাসের মধ্যে সমন্বয়যোগ্য সে সকল ঋণের সমন্বয়ের মেয়াদ ০৩ মাস বৃদ্ধি করতে হবে;
- অনুচ্ছেদ ০২(ক) ও (খ) এ উল্লিখিত সুবিধাদি কোনো গ্রাহক গ্রহণ করতে সম্মত না হলে পূর্ব নির্ধারিত পরিশোধসূচী অনুযায়ী ঋণ/ঋণের কিস্তি পরিশোধ/সমন্বয় করা যাবে; এবং
- বিলম্বে পরিশোধিত অর্থের উপর নিয়মিত সুদ ব্যতীত অন্য কোনো প্রকার দণ্ড সুদ/অতিরিক্ত সুদ/অতিরিক্ত মুনাফা/বিলম্ব ফি/জরিমানা (যে নামেই অভিহিত করা হোক না কেন) আদায়/আরোপ করা যাবে না।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২